



নোটিশ নং: ১২/২০১৯

তারিখ: ২৬ ফেব্রুয়ারি ২০১৯

নোটিশ

বিষয়: ডাচ-বাংলা এজেন্ট ব্যাংকে একাউন্ট খোলা।

সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারি ও ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানান যাচ্ছে যে অত্র কলেজে ডাচ- বাংলা ব্যাংক লিমিটেডের এজেন্ট ব্যাংকিং এর একটি শাখার কার্যক্রম শুরু হয়েছে। এই শাখার মাধ্যমে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বেতন প্রদান, শিক্ষার্থীদের নিকট হতে বেতন গ্রহণ, সব ধরনের একাউন্ট খোলা, নগদ টাকা জমা ও উত্তোলন, বিদেশ হতে প্রেরিত রেমিট্যান্স গ্রহণসহ বাণিজ্যিক ব্যাংকের সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে।

ইতিমধ্যে অত্র কলেজকে পূর্ণাঙ্গ অটোমেশনের আওতায় আনার কার্যক্রম চলছে। ধীরে-ধীরে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বেতন প্রদান ও ছাত্র-ছাত্রীদের নিকট হতে বেতন গ্রহণ এই শাখার মাধ্যমে পরিচালিত হবে।

এমতাবস্থায় যে সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারি ও ছাত্র-ছাত্রী এখনও এই শাখায় তাদের একাউন্ট খোলেনি তাদের অবিলম্বে ব্যাংকের শাখায় যোগাযোগ করে ন্যূনতম ৩০০/- (তিনশত) টাকা ও প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়ে সেভিংস একাউন্ট খোলার জন্য অনুরোধ করা হলো।

প্রকৌশলী মো. আশরাফুল কবির

চেয়ারম্যান

বহুল প্রচারের জন্য দেয়া হল :

১. নোটিশ রেজিস্টার
২. সকল নোটিশ বোর্ড
৩. কলেজের ওয়েবসাইট www.bcmc.edu.bd
৪. ফেসবুক www.facebook.com/BCMC_Bangladesh/